অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/21/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল 48 মিলিয়ন মার্কিন ডলারের বেশি পরিমাণের বিল্ডিংস অফ এক্সিলেন্স প্রতিযোগিতার তৃতীয় রাউন্ডের জন্য 13.5 মিলিয়ন মার্কিন ডলার ঘোষণা করলেন

প্রারম্ভিক পর্যায়ের নকশার তহবিল এছাড়াও নকশার শুরু থেকে নিম্ন কার্বন সমাধানের সমন্বয় সমর্থন করার ঘোষণা করলো

দুই মিলিয়ন জলবায়ুবান্ধব বাসা তৈরির গভর্নরের লক্ষ্যকে সমর্থন করে

2050 সালের মধ্যে 85 শতাংশ গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ হ্রাস করার জন্য জলবায়ু নেতৃত্ব ও সম্প্রদায় সুরক্ষার অ্যাক্ট লক্ষ্যসমূহকে অগ্রসর করবে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে, 48 মিলিয়ন মার্কিন ডলারের বেশি পরিমাণের বিল্ডিংস অফ এক্সিলেন্স প্রতিযোগিতার (Buildings of Excellence Competition) তৃতীয় রাউন্ডের মাধ্যমে 14টি প্রকল্পকে 13.5 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করা হচ্ছে, প্রতিযোগিতাটি পরিচ্ছন্ন, স্থিতিস্থাপক, এবং নিম্ন কার্বন বা কার্বন নিরপেক্ষ বহুপরিবারের ভবনের নকশা, নির্মাণ ও পরিচালনাকে স্বীকৃতি দেয়। প্রদর্শন প্রকল্পসমূহের জন্য এই অর্থদানের পাশাপাশি, প্রারম্ভিক পর্যায়ের নকশা সমর্থন (Early-Stage Design Support) হিসেবে 1.1 মিলিয়ন মার্কিন ডলারও ঘোষণা করা হয়েছে যাতে নকশার শুরু থেকেই যাতে প্রকল্পসমূহে ব্যয় কার্যকর নিম্ন কার্বন সমাধান সমন্বিত করা হয় তা নিশ্চিত করতে সাহায্য করা যায়। প্রতিযোগিতাটি স্টেটের 2050 সালের মধ্যে 85 শতাংশ গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ হ্রাস করার জন্য, এবং পরিচ্ছন্ন শক্তি বিনিয়োগের লাভের 40 শতাংশ সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহের প্রতি প্রদানের লক্ষ্য নিয়ে কমপক্ষে 35 শতাংশ প্রদান নিশ্চিত করার জলবায়ু নেতৃত্ব ও সম্প্রদায় সুরক্ষার অ্যাক্ট (Climate Leadership and Community Protection Act) লক্ষ্যসমূহকে সমর্থন করে। আজকের ঘোষণা এছাড়াও 2030 সালের মধ্যে দুই মিলিয়ন জলবায়ুবান্ধব বাসা তৈরির গভর্নরের লক্ষ্যকে সমর্থন করে

"নিউ ইয়র্ক জলবায়ু পরিবর্তন চ্যালেঞ্জে জিতে চলছে, এবং আমাদের ভবন খাত আমাদেরকে এই পথে নেতৃত্ব দিতে সাহায্য করছে," **গভর্নর হোকল বলেন**। "এই প্রকল্পগুলি প্রদর্শন করে যে নিঃসরণমুক্ত নির্মাণকাজ সম্ভব, সেই সাথে এটি প্রমাণ করে যে পরিচ্ছন্ন শক্তিতে আমাদের স্থানান্তরের ক্ষেত্রে সমতা ও ন্যায্যটাকে অগ্রাধিকার প্রদান করলে তা সকলের জন্য আরো বলীয়ান ও স্বাস্থ্যকর নিউ ইয়র্ক তৈরি করে।"

আমেরিকান আর্কিটেক্টস ইনস্টিটিউটের নিউ ইয়র্ক চ্যাপ্টার (American Institute of Architects New York Chapter, AIA NY), নিউ ইয়র্ক সিটি সেন্টার ফর আর্কিটেকচারে (Center for Architecture in New York City) আয়োজিত একটি পুরস্কার বিতরণী অনুষ্ঠানে আজকের ঘোষণাসমূহ করা হয়। 2019 সালে শুরু হওয়া এই প্রতিযোগিতাটি এই ধরনের দেশের একমাত্র প্রতিযোগিতা এবং পরিচ্ছন্ন, স্থিতিস্থাপক, এবং নিম্ন কার্বন নিঃসরণের ভবনের নকশা, নির্মাণ ও পরিচালনাকে আর্থিক প্রণোদনা ও স্বীকৃতি প্রদান করার জন্য নিউ ইয়র্ক স্টেটের শক্তি গবেষণা ও বিকাশ কর্তৃপক্ষ (New York State Energy Research and Development Authority, NYSERDA) প্রতিযোগিতাটি পরিচালনা করে। প্রতিযোগিতাটি মোট 56টি অত্যাধুনিক নতুন নির্মাণ ও সম্পূর্ণ সংস্কার প্রকল্পসমূহকে অর্থদান করেছে, যার মধ্যে রয়েছে নিম্ন থেকে মধ্যবিত্ত উপার্জনের গৃহস্থালির জন্য 1,300 এর বেশি ইউনিট এবং প্রকল্পসমূহের 52 শতাংশ সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহের জন্য হবে।

নিউ ইয়র্ক স্টেটের শক্তি গবেষণা ও বিকাশের প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা ডোরিন এম. হ্যারিস বলেন, "আমরা আজকের বিজয়ীদের অভিনন্দন জানাচ্ছি এবং জলবায়ুবান্ধব নির্মাণ ও পরিচালনার নতুন মানদণ্ড নির্ধারণ করে দেয় এমন নিম্ন কার্বনের ভবনের নকশা অগ্রসর করার প্রতি তাদের প্রতিশ্রুতির জন্য আমরা বিশেষভাবে গর্বিত। বিজয়ীগণ চিন্তাশীল নেতৃবৃন্দের একটি গোষ্ঠীর সাথে যুক্ত হলো যারা নিম্ন কার্বন পদচিহ্নসহ ভবন লাভজনক ও চাহিদা মেটাতে সক্ষম হতে পারে তা প্রদর্শন করার মাধ্যমে স্টেটের সর্বোচ্চ গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ খাতগুলির একটির সমাধানের পথ প্রদর্শন করছে।"

প্রতিযোগিতার আবেদনকারীদেরকে এমন ব্যয় কার্যকর, নিম্ন কার্বনের বা কার্বন নিরপেক্ষ নকশা প্রদর্শন করতে হয়েছে যা নির্মাতাদের জন্য লাভজনক হবে, অনুমানযোগ্য রাজস্ব ও ব্যয় থাকবে এবং যার একটি প্রতিযোগিতামূলক প্রান্ত থাকবে এবং একই সাথে ভবনের বাসিন্দাদের জন্য একটি আরামদায়ক, স্বাস্থ্যকর ও সাশ্রয়ী স্থান তৈরি করবে। বিজয়ী প্রকল্পসমূহকে এছাড়াও নকশা, নির্মাণ ও ব্যয়ের উপর সার্বিক ডেটা প্রদান করতে হবে যা বিশ্লেষণযোগ্য ও ভাগ করা যাবে যাতে করে নিউ ইয়র্ক স্টেটের নিম্ন ও কার্বনমুক্ত ভবনের সংখ্যা বৃদ্ধি করা যায়।

আজকের বিজয়ীদের মধ্যে থেকে চারজন নান্দনিকতা, কার্যকারিতা, টেকসই হওয়া, এবং কার্বন নিরপেক্ষ নকশা সৌন্দর্য, কার্যকারিতা প্রদর্শন ও নিজেদের সম্প্রদায়ে সংযোগ প্রদান করতে পারে তার প্রমাণ করার জন্য নিউ ইয়র্কের আর্কিটেকচারাল লীগ (Architectural League of New York) থেকে একটি 'নীল ফিতা ডিজাইন এক্সিলেন্স (Blue Ribbon for Design Excellence)' পেয়েছে। নীল ফিতার সম্মানপ্রাপ্তরা অত্যন্ত সফল স্থপতিদের একটি স্বাধীন প্যানেল দ্বারা নির্বাচিত হয়েছে, যার নেতৃত্ব দিয়েছেন আর্কিটেকচারাল লীগের নির্বাহী পরিচালক রোজালি জেনেভরো, এবং প্যানেলে রয়েছে: নিউ ইয়র্ক সিটি কলেজ অফ টেকনোলজির (New York City College of Technology)অধ্যাপক, +ল্যাব (+Lab) এর ইলিয়া আজারফ; COOKFOX এর প্যাম ক্যাম্পবেল; স্টুডিও গ্যাংয়ের (Studio Gang) আর্থার লিউ; BKSK আর্কিটেক্টসের (BKSK Architect) জুলি নেলসন; এবং গ্লাক+ (Gluck+) এর স্ট্যাসি ওয়াং।

আজকের অর্থপ্রাপ্ত প্রদর্শন প্রকল্পসমূহের মধ্যে উল্লেখযোগ্য হলো:

- **সাশ্রয়ী আবাসন** - নির্মাণ হতে যাওয়া আবাসগুলির 56 শতাংশ নিম্ন থেকে মধ্যম আয়ের গ্রাহকদের জন্য হবে এবং অর্থপ্রাপ্ত প্রকল্পসমূহের অর্ধেক সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহের জন্য।
- **সম্পূর্ণ বৈদ্যুতিক/কার্বন নিরপেক্ষ প্রস্তুত** - 100 ভাগ প্রকল্প সম্পূর্ণ বৈদ্যুতিক এবং কার্বন নিরপেক্ষ প্রস্তুত, অর্থাৎ এগুলি দৈনন্দিন পরিচালনার জন্য অনসাইটে জীবাশ্ম জ্বালানি দহনক্রিয়ার কোনও ব্যবহার ছাড়াই অনেক বেশি কর্মদক্ষ।
- **প্যাসিভ হাউজ মানদণ্ড** - 10টি প্রকল্প প্যাসিভ হাউজ মানদণ্ড অনুসরণ করার প্রতিশ্রুতি দিয়েছে, অর্থাৎ নকশা ও নির্মাণ/সংস্কার অত্যন্ত শক্তিদক্ষ মানদণ্ড অনুযায়ী হবে এবং একইসাথে ভবনের বাসিন্দাদের জন্য অত্যন্ত উচ্চ মাত্রার আরাম, স্বাস্থ্য ও স্থিতিস্থাপকতা অর্জন করবে; এবং
- **সৌর শক্তির অন্তর্ভুক্তিকরণ** - 12টি প্রকল্প সৌর ফটোভোল্টায়িক (photovoltaic, PV) উৎপাদন অন্তর্ভুক্ত করবে, এবং একটিতে শক্তির স্টোরেজও অন্তর্ভুক্ত হবে।

বিল্ডিংস অফ এক্সিলেন্স রাউন্ড তিনের বিজয়ীরা হলো:

ক্যাপিটাল রিজিয়ন: 2 মিলিয়ন মার্কিন ডলার, দুইটি প্রকল্প

- দ্য লাফায়েট অ্যাপার্টমেন্টস*: রোজেনব্লাম গ্রুপ – স্কেনেকট্যাডি, নিউ ইয়র্ক
- 1818 ফিফথ অ্যাভিনিউ প্যাসিভ হাউজ*: দ্য রোজেনব্লাম কোম্পানিজ - ট্রয়, নিউ ইয়র্ক

মোহক ভ্যালি: 1 মিলিয়ন মার্কিন ডলার, একটি প্রকল্প

- লগ সিটি ফেজ 1 এ ইকোফ্ল্যাটস: ব্রুন্স রিয়েলটি গ্রুপ, LLC - আমস্টারডাম, নিউ ইয়র্ক

ফিঙ্গার লেকস: 1 মিলিয়ন মার্কিন ডলার, একটি প্রকল্প

- পার্সেল 7*:পাথস্টোন ডেভেলপমেন্ট কর্পোরেশন - রচেস্টার, নিউ ইয়র্ক

মিড-হাডসন: 1 মিলিয়ন মার্কিন ডলার, একটি প্রকল্প

- স্টার্লিংটনের দ্য রেসিডেন্স: নিউ ইয়র্ক ওয়াচটাওয়ার বাইবেল এবং ট্র্যাক্ট সোসাইটি, ইনকর্পোরেটেড - স্লোটসবার্গ, নিউ ইয়র্ক

নিউ ইয়র্ক সিটি: 8.5 মিলিয়ন মার্কিন ডলার

- SOMA - BOLTEX ভবন: GRA ইক্যুইটিজ - নিউ ইয়র্ক, নিউ ইয়র্ক
- 439 ওয়েস্ট 36তম স্ট্রিট এবং 489-501 9তম অ্যাভিনিউ: ZD জ্যাসপার রিয়েলটি, নিউ ইয়র্ক, NY
- হাইব্রিজ*: সামারিটান ডেটপ ভিলেজ - ব্রঙ্কস, নিউ ইয়র্ক
- ম্যাগনোলিয়া গার্ডেন্স*: এশিয়ান আমেরিকানস ফর ইকুয়ালিটি - ফ্লাশিং, নিউ ইয়র্ক

- লিভোনিয়া C3*: ক্যাথোলিক চ্যারিটিজ POP ডেভেলপমেন্ট কর্প - ব্রুকলিন, নিউ ইয়র্ক
- দ্য ভ্যারাইটি বয়েজ এবং গার্লস ক্লাব রিডেভেলপমেন্ট*: ভ্যারাইটি বয়েজ এবং গার্লস ক্লাব অফ কুইন্স, ইনকর্পোরেটেড - লং আইল্যান্ড সিটি, নিউ ইয়র্ক
- শোর হিল ডেভেলপমেন্ট: জোনাথান রোজ কোম্পানিজ - বে রিজ ব্রুকলিন, নিউ ইয়র্ক
- ক্যাসল III: দ্য ফরচুন সোসাইটি - নিউ ইয়র্ক, নিউ ইয়র্ক
- ব্রাউন্সভিল আর্টস সেন্টার এবং অ্যাপার্টমেন্টস*: ব্রাউন্সভিল আর্টস ওনার LLC - ব্রুকলিন, নিউ ইয়র্ক

**প্রকল্পটি ডিজাইন এক্সিলেন্স বিজয়ী হিসেবে নীল ফিতাও পেয়েছে।*

আজকে প্রদত্ত অর্থ হলো প্রারম্ভিক পর্যায়ের নকশা সমর্থন উপাদানের সার্বিক 2 মিলিয়ন মার্কিন ডলারের একটি অংশ যা নকশা অংশীদারের প্রস্তাবিত কার্বন নিরপেক্ষ নকশা অর্জন করার জন্য প্রকল্পের সুযোগ, প্রকল্পের আকার, অবস্থান, নতুন নির্মাণ বা অভিযোজিত পুনর্ব্যবহার ও ঐতিহাসিক সংরক্ষণের উপর ভিত্তি করে তহবিল প্রদান করে।

প্রারম্ভিক পর্যায়ের নকশা সমর্থন অর্থদানসমূহ হলো:

নিম্ন থেকে মধ্যম উপার্জনের অবস্থান:

নিউ ইয়র্ক সিটি - 558,550 মার্কিন ডলার - চারটি প্রকল্প

- CVA+ক্যাসিটা**: ম্যাগনাসন আর্কিটেকচার এবং প্ল্যানিং PC - নিউ ইয়র্ক, নিউ ইয়র্ক
- থ্রি আর্টস: কার্টিস + জিন্সবার্গ আর্কিটেক্টস - নিউ ইয়র্ক, নিউ ইয়র্ক
- শোর হিল ডেভেলপমেন্ট: কার্টিস + জিন্সবার্গ আর্কিটেক্টস - ব্রুকলিন, নিউ ইয়র্ক
- দ্য বিকন**: পল এ. ক্যাস্ট্রুসি আর্কিটেক্টস - নিউ ইয়র্ক, নিউ ইয়র্ক

বাজার দরের অবস্থান:

ক্যাপিটাল জেলা - 494,815 মার্কিন ডলার - দুইটি প্রকল্প

- লগ সিটির ইকোফ্ল্যাটস: ব্ল্যাক মাউন্টেইন আর্কিটেকচার - আমস্টারডাম, নিউ ইয়র্ক
- 1818 ফিফথ অ্যাভিনিউ প্যাসিভ হাউজ**: সাসটেইনেবল কমফোর্ট ইনকর্পোরেটেড - ট্রয়, নিউ ইয়র্ক

সাউদার্ন টিয়ার - 110,000 মার্কিন ডলার - একটি প্রকল্প

- ব্যাংক লফ্ট: রিভার আর্কিটেক্টস - রিচফিল্ড স্প্রিংস, নিউ ইয়র্ক

*** প্রকল্পটি এমন একটি এলাকায় অবস্থিত যা সুবিধাবঞ্চিত সম্প্রদায় হিসেবে আখ্যা পেয়েছে*

বিল্ডিংস অফ এক্সিলেন্স প্রপাত প্রকল্পসমূহের সম্পূর্ণ তালিকা দেখার জন্য অনুগ্রহ করে NYSERDA এর ওয়েবসাইট ভিজিট করুন।

নিউ ইয়র্ক স্টেটের জনসেবা কমিশনের (New York State Public Service Commission) প্রধান রোরি এম. ক্রিস্টিয়ান বলেন, "নিউ ইয়র্ক স্টেটে নতুন নিম্ন কার্বনের ভবন নকশা ও নির্মাণ করার ব্যাপারে গভর্নর হোকলের প্রতিশ্রুতির জন্য আমি তার প্রশংসা করছি। আজকের বিজয়ীগণ অতি গুরুত্বপূর্ণ নির্মাণ শিল্পখাতে ভবিষ্যতের প্রবৃদ্ধি ও সুযোগের জন্য মঞ্চ স্থাপন করে দিতে সাহায্য করবে।"

নিউ ইয়র্ক স্টেটের হোম ও কমিউনিটি রিনিউয়ালের (New York State Homes and Community Renewal) কমিশনের রুথঅ্যান ভিস্নাউস্কাস বলেন, "জলবায়ু নেতৃত্ব ও সম্প্রদায় সুরক্ষার অ্যাক্টের উচ্চাকাঙ্ক্ষী লক্ষ্যসমূহ নিউ ইয়র্ককে একটি কার্বন নিরপেক্ষ স্টেট হওয়ার দিকে অগ্রসর করা অব্যাহত রেখেছে। NYSERDA এর বিল্ডিংস অফ এক্সিলেন্স প্রতিযোগিতার মাধ্যমে আজকে 14টি প্রকল্পকে প্রদত্ত 13 মিলিয়ন মার্কিন ডলার নিউ ইয়র্কজুড়ে নিম্ন কার্বনের শক্তি দক্ষ ভবন তৈরি ও সংরক্ষণ করবে, যার মধ্যে অর্ধেক বাসা তৈরি হবে সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহের নিম্ন থেকে মধ্যম আয়ের নিউ ইয়র্কবাসীদের জন্য। বিজয়ীদের অভিনন্দন এবং আরো উত্তম, পরিষ্কার ও টেকসই ভবিষ্যৎ তৈরি করতে আমাদের সাহায্য করার জন্য NYSERDA-কে ধন্যবাদ।"

অ্যাসেম্বলি সদস্য ডিডি ব্যারেট বলেন, "আমরা সকলেই জানি যে ভবন হলো সার্বিক কার্বন নিঃসরণের মুখ্য পক্ষদের একটি এবং নিউ ইয়র্ক স্টেটজুড়ে নতুন আবাসনের, বিশেষ করে সাশ্রয়ী আবাসনের অতি গুরুত্বপূর্ণ চাহিদা আমরা সকলেই উপলব্ধি করেছি।পুরো স্টেটের উদ্ভাবনী স্থপতি ও নকশা ফার্মগুলি যে বিদ্যমান উভয় সমস্যাকে উদ্ভাবনী ও সৃজনশীল উপায়ে সমাধান করার চেষ্টা করছে তা দেখা সত্যিই অনেক আনন্দের ব্যাপার। আজকের বিল্ডিংস অফ এক্সিলেন্স বিজয়ীদেরকে অভিনন্দন।আমাদের স্টেটকে এই ব্যাপারে নেতৃত্ব দিতে সাহায্য করতে তাদের প্রতিভা ব্যবহার করার জন্য আমরা তাদের প্রতি কৃতজ্ঞ।"

অ্যাসেম্বলি সদস্য লিন্ডা বি. রোজেনথাল বলেন, "পরিবেশ সংক্রান্ত ন্যায়বিচার ও আবাসন ন্যায়বিচার একসাথেই হয়ে থাকে, এর কোনও বিকল্প নেই। দেশব্যাপী স্টেটগুলি যখন সার্বিকভাবে জলবায়ু পরিবর্তন সমাধানের চেষ্টা করছে, তখন আমাদের আবাসন অবকাঠামো যাতে এই মুহূর্তের সাথে মিলিত হওয়ার জন্য প্রস্তুত থাকে তা নিশ্চিত করার জন্য নিউ ইয়র্ককে সম্ভাব্য সব কিছু করতে হবে। দুই মিলিয়ন জলবায়ুবান্ধব বাসা তৈরি করার জন্য স্টেটের লক্ষ্য নিঃসন্দেহে সঠিক দিকে একটি ধাপ এবং এটি সকল নিউ ইয়র্কবাসীর জন্য সবুজতর, আরো স্বাস্থ্যকর একটি পরিবেশ লালন করার জন্য অনেক সাহায্য করবে। ভাড়াটিয়া ও বাড়ির মালিক উভয়ের কল্যাণকে অগ্রাধিকার দিবে এমন পরিবেশবান্ধব নীতিমালার পক্ষে কাজ করা অব্যাহত রাখার জন্য গভর্নর ও আমার সহকর্মীদের সাথে কাজ করতে আমি উন্মুখ।"

আর্কিটেকচারাল লীগের নির্বাহী পরিচালক রোজালি জেনেভরো বলেন, "এই বছর আরো একবার NYSERDA এর বিল্ডিংস অফ এক্সিলেন্স কর্মসূচিটি এমন নকশাবিদ ও নির্মাতাদের প্রকল্পসমূহের অনুঘটক হিসেবে, সমর্থন ও আলোকপাত করার কাজ করছে যারা নিউ

ইয়র্কবাসীদের জন্য আরো স্থিতিশীল ও নিম্ন কার্বনের ভবিষ্যত গঠনের জন্য উচ্চাকাঙ্ক্ষী প্রয়াস নিয়ে অগ্রসর হচ্ছে। সার্বিক নকশার মান, অর্থাৎ ভবনের সাইটসমূহের মধ্যকার অবিচ্ছেদ্য সম্পর্ক, সম্প্রদায়ের সম্পদসমূহের সাথে দৃঢ় সংযোগ, গণপরিবহনের অন্তর্ভুক্তি এবং স্বাস্থ্য, আরাম ও নান্দনিক আনন্দকে বিল্ডিংস অফ এক্সিলেন্স প্রকল্পসমূহের মূল্যায়নের একটি অত্যাবশ্যকীয় অংশ করতে NYSERDA এর সাথে কাজ করতে পেরে আর্কিটেকচারাল লীগ গর্বিত।"

AIA ন্যাশনালের (AIA National) বোর্ডের অ্যাট-লার্জ পরিচালক ইলিয়া আজারফ, FAIA বলেন, "বিল্ডিংস অফ এক্সিলেন্স কর্মসূচির মাধ্যমে স্বীকৃত ও অর্থপ্রাপ্ত প্রকল্পসমূহ সত্যিকারের জলবায়ু পদক্ষেপের প্রতিনিধি। এগুলি উচ্চ দক্ষতার, পরিবেশ সম্পর্কে সচেতন নকশার বাস্তব উদাহরণ, একইসাথে ভালো প্রশাসন ও ভিশনারি নকশা দল যে একত্রে কাজ করে টেকসই, স্থিতিস্থাপক ও ন্যায্য ভবিষ্যৎ গঠন করতে পারে, এগুলি তার প্রমাণস্বরূপ। এই প্রকল্পগুলি ডিজাইন এক্সিলেন্সের একটি ফ্রেমওয়ার্ক ব্যবহার করে যা জলবায়ু পরিবর্তনের বাঁধার সম্মুখীন হয় এবং এটিই এই কর্মসূচির বিশেষ বৈশিষ্ট্য।"

AIA নিউ ইয়র্ক স্টেটের প্রেসিডেন্ট পল ম্যাকডোনেল, AIA বলেন, "বুদ্ধিমান নকশা ও জলবায়ু পদক্ষেপের ব্যাপারে আলোচনার টেবিলে স্থপতিদের একটি আসন থাকা অতি গুরুত্বপূর্ণ। বিল্ডিংস অফ এক্সিলেন্স প্রতিযোগিতার মাধ্যমে স্থিতিস্থাপক, সমতার ও টেকসই সমাধানের বাস্তবায়নকে অগ্রাধিকার প্রদান ও সমর্থন করার জন্য আমি NYSERDA এর প্রশংসা করছি। সফল এই প্রতিযোগিতাটি স্থপতি ও তাদের দলের সদস্যদেরকে ভবন পরিবেশ উন্নত করার জন্য, আমরা যেই পৃথিবীতে বাস করি তাকে আরো উত্তম করার জন্য এবং আমরা যেই সম্প্রদায়ে কাজ করছি সেখানে অতি প্রয়োজনীয় আবাসন প্রদান করার জন্য নিজেদের অনন্য সমস্যা সমাধানের দক্ষতা ব্যবহার করার সুযোগ প্রদান করে।"

AIA নিউ ইয়র্ক এবং সেন্টার ফর আর্কিটেকচারের অন্তর্বর্তীকালীন নির্বাহী পরিচালক জেস লাজার বলেন, "আরো টেকসই নির্মাণ পরিবেশের পক্ষে কাজ করতে প্রতিশ্রুতিবদ্ধ একটি সংগঠনের সদস্য হিসেবে, AIA নিউ ইয়র্ক, NYSERDA এবং এর বিল্ডিংস অফ এক্সিলেন্স কর্মসূচির সাথে এর অব্যাহত অংশীদারিত্ব নিয়ে গর্বিত, এটি স্টেটব্যাপী একটি গুরুত্বপূর্ণ উদ্যোগ যা জলবায়ু পরিবর্তন এবং আবাসন সঙ্কটের সাথে লড়াই করে। কর্মসূচির বিজয়ী প্রকল্পসমূহ জলবায়ুবান্ধব ও সুন্দর বাসা নকশা ও নির্মাণের মাধ্যমে গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ হ্রাস করতে সাহায্য করে এমন একটি গুরুত্বপূর্ণ আদর্শ প্রদান আমাদের সদস্যদেরকে এবং সম্পূর্ণ শিল্পখাতকে প্রদান করে।"

AIA, CPHC, LEED এর সহযোগী অধ্যক্ষ ও ম্যাগনাসন আর্কিটেকচার ও প্ল্যানিংস এইডের সাস্টেইনিবিলিটি পরিচালক সারা বায়ার বলেন, "আমাদের শিল্পখাতে প্যাসিভ হাউজ এবং বিদ্যুতায়নের দিকে একটি মুখ্য পরিবর্তন হচ্ছে, এবং NYSERDA এর বিল্ডিংস অফ এক্সিলেন্স প্রতিযোগিতার মতো কর্মসূচির মাধ্যমে এটি আরো ত্বরান্বিত হয়েছে। অতি গুরুত্বপূর্ণ জলবায়ু লক্ষ্য অর্জন করতে আমাদের যে পণ্য ও ব্যবস্থা প্রয়োজন, এ ধরনের কাজ তার ধারণক্ষমতা, ঐক্যমত্য ও আত্মবিশ্বাস গঠনে সাহায্য করে। এছাড়াও এটি প্রমাণ করছে যে আমরা যদি আরো দক্ষ ও টেকসই ভবন তৈরি করি তাহলে আরো ভালো, মূল্যবান সম্পদ পাওয়া

যায় এবং বসবাস করার জন্য আরো উত্তম, স্বাস্থ্যকর স্থান পাওয়া যায়। এটি মালিক ও বাসিন্দা উভয়ের জন্য লাভজনক হবে।"

প্যাসিভ হাউজ অ্যাক্সিলেটরের (Passive House Accelerator) প্রতিষ্ঠাতা মাইকেল ইঙ্গুই বলেন, "NYSERDA বিল্ডিংস অফ এক্সিলেন্স বিজয়ীগণ সত্যিই হাই পারফর্ম্যান্স ভবনের জগতে কী সম্ভব তার সম্মুখসারিতে অবস্থান করছে। বিগত কয়েক বছরে অগণিত সমাধান ও উদ্ভাবনী চিন্তা বের হয়ে এসেছে, যা বাকি স্থপতি, প্রকৌশলী এবং নকশা সম্প্রদায়কে আরো ভালো, নিম্ন কার্বনের ভবনে স্থানান্তরিত হতে অনুপ্রাণিত করেছে। রাউন্ড 3 এর বিজয়ীরা পুরো নিউ ইয়র্ক স্টেটজুড়ে এবং এর বাইরেও কার্বন নিরপেক্ষ তৈরি ভবনের জন্য একটি স্পষ্ট অগ্রসর পথ তৈরি করে দিবে।"

ভবন হলো নিউ ইয়র্ক স্টেটে গ্রিনহাউজ গ্যাস নিঃসরণের সবথেকে উল্লেখযোগ্য উৎসগুলির একটি এবং NYSERDA এবং ইউটিলিটি কর্মসূচিসমূহের মাধ্যমে, স্টেটজুড়ে ভবনগুলিকে ডিকার্বোনাইজ করার জন্য 6.8 বিলিয়ন মার্কিন ডলারের বেশি বিনিয়োগ করা হচ্ছে। ভবনগুলিতে শক্তি দক্ষতা বৃদ্ধি রকার মাধ্যমে এবং স্টেটব্যাপী অনসাইট স্টোরেজ, নবায়নযোগ্য, এবং বৈদ্যুতিক যান চার্জিং সরঞ্জাম স্থাপন করা বৃদ্ধির মাধ্যমে স্টেট এর কার্বন দূষণ হ্রাস করবে এবং 2025 সালের মধ্যে 185 TBtu, অর্থাৎ 1.8 মিলিয়ন বাসার বিদ্যুতের সমতুল, অনসাইট শক্তি ব্যয় হ্রাস করার উচ্চাকাঙ্ক্ষী লক্ষ্য অর্জন করবে।

স্টেটের পরিচ্ছন্ন শক্তি তহবিলের মাধ্যমে এই কর্মসূচির অর্থায়ন হয় এবং এটি বাজার দরের এবং নিম্ন থেকে মধ্যম উপার্জনের বহু পরিবারের ভবন খাতের নতুন নির্মাণ ও সম্পূর্ণ সংস্কার প্রকল্পসমূহে NYSERDA এর মোট 165 মিলিয়ন মার্কিন ডলারের বেশি বিনিয়োগের একটি অংশ। প্রতিযোগিতা ও এর মাধ্যমে প্রদত্ত তহবিলের ব্যাপারে আরো তথ্য NYSERDA এর ওয়েবসাইটে পাওয়া যাবে।

নিউ ইয়র্ক স্টেটের দেশের-নেতৃস্থানীয় জলবায়ু পরিকল্পনা

নিউ ইয়র্ক স্টেটের দেশের-নেতৃস্থানীয় জলবায়ু এজেন্ডা একটি সুশৃঙ্খল ও ন্যায্য পরিবর্তনের দাবি জানায় যেটি পরিবার চালানোর উপযোগী কর্মসংস্থান তৈরি করবে, সব খাতে সবুজ অর্থনীতি লালন করা অব্যাহত রাখবে এবং নির্মল জ্বালানি সংক্রান্ত বিনিয়োগের 40 শতাংশ সুফল পৌঁছে দেওয়ার লক্ষ্য স্থির রেখে অন্তত 35 শতাংশ যেন সুবিধাবঞ্চিত সম্প্রদায়গুলোর কাছে পৌঁছায় তা নিশ্চিত করবে। দেশের সব থেকে আগ্রাসী কিছু জলবায়ু ও পরিচ্ছন্ন শক্তি উদ্যোগসমূহ দ্বারা নির্দেশিত হয়ে নিউ ইয়র্ক 2040 সালের মধ্যে নিঃসরণমুক্ত বিদ্যুৎখাত অর্জনের পথে রয়েছে, যার মধ্যে রয়েছে 2030 সালের মধ্যে 70 শতাংশ নবায়নযোগ্য শক্তি উৎপাদন এবং শতাব্দীর অর্ধেক পার হওয়ার পূর্বে অর্থনীতিব্যাপী কার্বন নিরপেক্ষতা অর্জন। এই পরিবর্তনের একটি ভিত্তি হলো নিউ ইয়র্কের অভূতপূর্ব নির্মল জ্বালানি বিনিয়োগ, যার মধ্যে রয়েছে স্টেট জুড়ে 120টি বড়-মাত্রার নবায়নযোগ্য ও বিতরণের প্রকল্পে 35 বিলিয়ন ডলারের বেশি, বিল্ডিং থেকে নির্গমন হ্রাস করার জন্য 6.8 বিলিয়ন ডলার, সৌর বিদ্যুতের মাত্রা বৃদ্ধি করার জন্য 1.8 বিলিয়ন ডলার, নির্মল পরিবহন উদ্যোগের জন্য 1 বিলিয়ন ডলারের বেশি, এবং NY গ্রীন ব্যাংক-এর প্রতিশ্রুতিতে 1.8 বিলিয়ন ডলারের বেশি বিনিয়োগ। এগুলো এবং অন্যান্য বিনিয়োগ 2021 সালে নিউ ইয়র্কের নির্মল জ্বালানি খাতে 165,000 এরও বেশি চাকরি, এবং 2011

সাল থেকে বিতরণকৃত সৌর খাতে 2,100 শতাংশ প্রবৃদ্ধি সমর্থন করছে। এছাড়া, গ্রিনহাউস গ্যাস নির্গমন কমানো এবং বায়ুর মান উন্নত করার জন্য, নিউ ইয়র্ক শূন্য-নির্গমনসম্পন্ন যানবাহন সম্পর্কিত বিধিমালা গ্রহণ করেছে, যার মধ্যে 2035 সালের মধ্যে স্টেটে বিক্রি হওয়া সব যাত্রীবাহী গাড়ি ও ট্রাক শূন্য-নির্গমনসম্পন্ন হওয়া আবশ্যক হওয়ার বিষয়টি অন্তর্ভুক্ত রয়েছে। প্রায় 400 নিবন্ধিত এবং 100 প্রত্যয়িত জলবায়ু স্মার্ট সম্প্রদায় (Climate Smart Communities), প্রায় 500 পরিচ্ছন্ন শক্তি সম্প্রদায় (Clean Energy Communities), এবং বায়ু দূষণে হস্তক্ষেপ করতে সাহায্য করার জন্য এবং জলবায়ু পরিবর্তনের সাথে লড়াই করার জন্য স্টেটব্যাপী 10টি সুবিধাবঞ্চিত সম্প্রদায়ে স্টেটের বৃহত্তম সমপর্যায়ের বায়ু পর্যবেক্ষণ উদ্যোগ নিয়ে অংশীদারিত্বসমূহ নিউ ইয়র্কের জলবায়ু কর্মকাণ্ডকে অগ্রসর করা অব্যাহত রেখেছে।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418